ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
এফ এম বিভাগ-১

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪২৩.৩১.০৮৫.২৩ নথির বিষয়: Repair, Servicing & Periodical Maintenance of existing Mitsubishi and others brand inverter (Variable Frequency Drive) of different pumping stations under F.M. division-1(Lot-1).

নোট: ১ নোটের বিষয়: Repair, Servicing & Periodical Maintenance of existing Mitsubishi and others brand inverter (Variable Frequency Drive) of different pumping stations under F.M. division-1(Lot-1).

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২০/৮/২৩ ৫:৪০ অপরাহ্ন

মড্স সার্কেল -১ এর আওতাধীন বিভিন্ন মড্স জোনের প্রায় ৬৩০ টিরও অধিক পাম্পের বৈদ্যুতিক- যান্ত্রিক মেরামত ও রক্ষণাবেক্ষন কাজ এফ এম বিভাগ-১ এর মাধ্যমে করা হয়। পাম্প সমুহের Operation safety নিশ্চিত করার জন্য প্রায় ৬০০ টি পাম্প VFD এর মাধ্যমে Operation করা হয় এবং বাকী পাম্প সমুহও পর্যায়ক্রমে Star-Delta হতে VFD এর মাধ্যমে চালানোর পদক্ষেপ গ্রহণ করা হয়ে থাকে। বর্তমানে এফ এম বিভাগ-১ এর পাম্প সমুহে ৭৫ ও ৯০ কিলোওয়াটের বিভিন্ন ব্রান্ড এর (ড্যানফোর্স, মিতসুবিসি, এবিবি, এল এস, সিমেন্স, ডেল্টা প্রভৃতি) VFD রয়েছে। VFD সমুহ ডিজিটাল ডিভাইস এবং VFD এর Performance এর উপর পাম্পের Safety নির্ভর করে। VFD এর Spare Parts ও অনেক মূল্যবান এবং Genuine Parts বাজার সহজলভ্যও নয়। VFD সমুহের Performance এবং আয়ু বৃদ্ধির জন্য VFD নষ্ট হওয়ার পূর্বেই Preventive Maintenance করা প্রয়োজন। Preventive Maintenance প্রতি বছরে কমপক্ষে একবার করা প্রয়োজন। । Periodical Servicing Work করার জন্য সকল ধরনের Manufacturer হতে সুপারিশ করা হয়ে থাকে। Periodical Maintenance এর মাধ্যমে VFD গুলোর Repair Maintenance অনেক কমানো সম্ভম। Engineering যে কোন যন্ত্রপাতির জন্যই Periodical Preventive Maintenance করা হলে Corrective Maintenance Costing অনেক কম আসে। ঢাকা ওয়াসা VFD সমুহ সরবরাহের পর হতেই Manufacturer এর Recommendation অনুযায়ী প্রতি বছর একবার করে Periodical Maintenance করা হয়। যার ফলে VFD নষ্ট হয়ে যাওয়ার অভিযোগ এফ এম বিভাগ-১ এ সবচেয়ে কম। গত ২০২২-২৩ অর্থ বছরে মিতসুবিসি ব্রান্ড এর ১৪৬টি ভিএফডির Periodical Preventive Maintenance করা হয়েছে এবং গত অর্থ বছরের অভিযোগ পর্যালোচনা করে দেখা যায় যে, ভিএফডি ত্রুটির জন্য মাত্র ১০টি পাম্প বন্ধের অভিযোগ পাওয়া গেছে। এতে প্রতীয়মান হয় যে, Periodical Preventive Maintenance কাজ করা হলে ভিএফডিতে Corrective Maintenance এর পরিমাণ অনেকাংশে কমে যায় এবং পাম্প বন্ধের অভিযোগও হ্রাস পায়। VFD সমুহের Performance অক্ষুন্ন রেখে আয়ু বৃদ্ধি করার লক্ষ্যে VFD সমুহের Periodical Maintenance কাজ করার জন্য দক্ষ প্রশিক্ষনপ্রাপ্ত টিম এবং যন্ত্রপাতি ঢাকা ওয়াসায় নেই বিধায় এফ এম বিভাগ-১ এর বিদ্যমান VFD এর মধ্য হতে Mitsubishi Brand এর VFD সমুহ Preventive Maintenance কাজ করার জন্য Mitsubishi এর বাংলাদেশে Exclusive Representative, Progressive Engineering Corporation হতে Mitsubishi এর VFD সংগ্রহ করা হয়েছে এবং তারা Mitsubishi এর Authorized Exclusive Representative, সেহেতু Progressive Engineering Corporation এর দক্ষ প্রশিক্ষণপ্রাপ্ত Team এর মাধ্যমে কাজ

CamScanner

করা হলে কাজের গুনগত মান, Genuine Parts এর নিশ্চয়তা এবং Warranty সহ সব বিষয়ে নিশ্চিত হওয়া যাবে। এছাড়াও Periodical Maintenance এর After Service Warranty এর শর্ত হিসাবে One year Free Service উল্লেখ থাকে। এতে করে Periodical Maintenance কৃত ভিএফডি সমুহ এক বছরের মধ্যে যে কোন পাম্পে, যে কোন সময় কোন সমস্যা হলে Progressive Engineering Corporation এর Expert Team কর্তৃক Free Diagnosis করে Repair কাজ সম্পন্ন করা হয়। এছাড়া কোন স্পেয়ার পার্টস পরিবর্তন করার প্রয়োজন হলে এ কাজের জন্য কোন Bill Payment প্রয়োজন হয় না । VFD এর আয়ুষ্কাল বৃদ্ধির জন্য "ঢাকা ওয়াসার আওতাধীন গভীর নলকূপ ও কলাম পাইপের পিরিয়ডিক্যাল মেইনটেন্যান্স এর বিষয়ে এবং গভীর নলকূপের মোটর বার্নিং এর কারন অনুসন্ধান ও প্রশমনে অনুসরনীয় কার্যক্রম সংক্রান্ত গাইডলাইন প্রনয়ন কমিটি" কর্তৃক সকল VFD সমুহ ১(এক) বছর অন্তর অন্তর Servicing করার সুপারিশ করা হয়েছে। এরূপ পরিস্থিতিতে অনুরূপ কাজের পূর্বানুমোদিত দর এর ভিত্তিতে Mitsubishi Brand এর ৬০টি VFD এর Repair, Servicing & Periodical Maintenance কাজের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাতে টাকার পরিমান দাঁড়িয়েছে= ৮,৯২,৮০১.৩৮০/- (আট লক্ষ বিরানব্বই হাজার আটশত এক দশমিক তিন আট শূণ্য) টাকা । আলোচ্য কাজের ব্যয়ভার অত্র বিভাগের ২০২৩-২০২৪ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ক্রমিক নং-৪১, ভি-১ এ ধরা আছে। যেহেতু Progressive Engineering Corporation, Mitsubishi ব্রান্ডের Exclusive Representative সেহেতু আলোচ্য কাজটি PPR-2008 এ ৭৬(১)/গ ধারামতে সরাসরি চুক্তি প্রয়োগ করে সম্পাদন করা যেতে পারে।

সংযুক্তিসমূহ (৬):

১। 1. অত্র বিভাগের ২০২৩-২০২৪ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ক্রমিক নং-৪১, ভি-১.
২। 2. Authorization.
৩। 3. Committe Report..
৪। 4. VFD List.
৫। 5. পূর্বানুমোদিত দর.
৬। 6. প্রাক্কলন ও প্রতিবেদন.

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২০/৮/২৩ ৫:৫০ অপরাহ্ন

এমতাবস্থায়,উপরোক্ত বর্ণনার আলোকে Repair, Servicing & Periodical Maintenance of existing Mitsubishi and others brand inverter (Variable Frequency Drive) of different pumping stations under F.M. division-1(Lot-1) কাজটি PPR-2008 এর ৭৬(১)/গ ধারামতে সরাসরি চুক্তি প্রয়োগ করে Progressive Engineering Corporation এর মাধ্যমে সম্পাদনের জন্য =৮,৯২,৮০১.৩৮০/- (আট লক্ষ বিরানব্বই হাজার আটশত এক দশমিক তিন আট শূণ্য) টাকা মাত্রের প্রাক্কলনটি আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদন দেয়া যেতে পারে। আলোচ্য কাজের অনুমোদনের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আওতাধীন।

২০/৮/২৩ ৫:৫২ অপরাহ্ন মোঃ আবুল হোসেন উপ-সহকারী প্রকৌশলী এফ এম বিভাগ-১	২০/৮/২৩ ৯:১৪ অপরাহ্ন মোঃ গোলাম মোস্তফা সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) এফ এম বিভাগ-১	২২/৮/২৩ ২:৫০ অপরাহ্ন শেখ আরিফ রহমান জিতু নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) এফ এম বিভাগ-১	২২/৮/২৩ ৩:৫৯ অপরাহ্ন মোঃ আঃ রফিক তত্ত্বাবধায়ক প্রকৌশলী আর পি ই এন্ড এম সার্কেল

CamScanner

২০৩২

ঢাকা ওয়াসা

২৩/৮/২৩ ৫:০০ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)

~~২৩/৮/২৩ ৫:০০ অপরাহ্ন~~
~~এ. কে. এম. সহিদ উদ্দিন~~
~~উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম)~~
~~উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম) এর দপ্তর~~

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৪/৮/২৩ ১২:১৩ অপরাহ্ন

Forwarded for the approval of note 1.1.

২৪/৮/২৩ ১২:১৩ অপরাহ্ন
এ. কে. এম. সহিদ উদ্দিন
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম) এর দপ্তর

~~২৪/৮/২৩ ১২:১৩ অপরাহ্ন~~
~~প্রকৌশলী তাকসিম এ খান~~
~~ব্যবস্থাপনা পরিচালক~~
~~ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর~~

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১৬/৯/২৩ ১:১৬ অপরাহ্ন

Okay

১৬/৯/২৩ ১:১৭ অপরাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

১৭/৯/২৩ ৭:১৩ পূর্বাহ্ন
এ. কে. এম. সহিদ উদ্দিন
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম) এর দপ্তর

CamScanner